# ঢাকার পথে রওনা জোবাইদা, খালেদা জিয়ার চিকিৎসায় এভারকেয়ারে যাবেন



সংগৃহীত ছবি

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের স্ত্রী জোবাইদা রহমান যুক্তরাজ্য থেকে বাংলাদেশের উদ্দেশে রওনা হয়েছেন। তিনি লন্ডনের হিথ্রো বিমানবন্দর থেকে স্থানীয় সময় সন্ধ্যা ছয়টায় ফ্লাইট ছাড়বেন। বাংলাদেশে পৌঁছানোর আনুমানিক সময় শুক্রবার সকাল সাড়ে নয়টা।

জোবাইদা বিমানবন্দর থেকে সরাসরি এভারকেয়ার হাসপাতালে যাবেন। খালেদা জিয়াকে লন্ডনে নেওয়ার সময়কাল সেই পর্যালোচনার পরে নির্ধারিত হবে। আজ দুপুরে মেডিকেল বোর্ড বিদেশে চিকিৎসার বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবে।

খালেদা জিয়ার সঙ্গে চিকিৎসক ও সফরসঙ্গী হিসেবে ১৬ জন থাকবেন। এদের মধ্যে রয়েছে তার ছেলে কোকোর স্ত্রী সৈয়দা শমীলা রহমান, প্রধান চিকিৎসক ডা. এ জেড এম জাহিদ হোসেন, ডা. ফখরুদ্দীন মোহাম্মদ সিদ্দিকী, ডা. শাহাবুদ্দীন তালুকদার, ডা. নুরুদ্দীন আহমদ, ডা. রিচার্ড জন বিলি, ডা. জিয়াউল হক, ডা. জাফর ইকবাল, ডা. মোহাম্মদ আল মামুন, হাসান শাহরিয়ার ইকবাল, সৈয়দ শামীন মাহফুজ, আব্দুল হাই মল্লিক, মাসুদার রহমান, এবং পরিচর্যাকারী ফাতেমা বেগম ও রুপা শিকদার।

বর্তমানে খালেদা জিয়ার শারীরিক অবস্থা সংকটজনক হলেও চিকিৎসা গ্রহণ করছেন। দীর্ঘদিন ধরে তিনি আর্থ্রাইটিস, ডায়াবেটিস, কিডনি, ফুসফুস ও চোখের সমস্যাসহ নানা জটিলতায় ভুগছেন। এ জন্য যুক্তরাজ্য ও চীন থেকে বিশেষজ্ঞ চিকিৎসকরা ঢাকায় এসে তার শারীরিক অবস্থা পর্যবেক্ষণ ও পরামর্শ দিয়েছেন।

গত ২৩ নভেম্বর রাতে স্বাস্থ্য পরীক্ষার জন্য গুলশান এলাকার বাসা ফিরোজা থেকে তাকে এভারকেয়ার হাসপাতালে আনা হয়। মেডিকেল বোর্ডের পরামর্শক্রমে ভর্তি করা হলে শারীরিক অবস্থার অবনতি শুরু হয়।